ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



ROSEDIN ● Vol. - 1 ● Issue - 28 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৮৪ ● কলকাতা ● ২৩ আষাঢ়, ১৪৩২ ● মঙ্গলবার ● ০৮ জুলাই ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# মুখ খুলে দলের মধ্যেই তিরস্কৃত রাজন্যা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**


কসবাকাণ্ডের পর মুখ খুলে এখন দলের নেতৃত্বেরই রোষের মুখে রাজন্যা। টিএমসিপি-র প্রাক্তন নেত্রীর বিরুদ্ধে এখন একের পর এক তোপ শাসকনেতৃত্বের।

অতীনকন্যার পর রাজন্যাকে নাম না করে তোপ দাগলেন জুঁই বিশ্বাস। নিজের সামাজিক মাধ্যমে তিনি লেখেন, "যোগ্যতা বিচারের জন্যও যোগ্যতা লাগে।যদিও রাজন্যার বক্তব্য তিনি নাকি তখনই দলকে জানিয়েছিলেন। রাজন্যার বক্তব্য, "আমি জানি প্রশ্ন উঠছে, আমি তখন কেন বলিনি, এখন কেন বলছি? আসলে আমি তখনই দলকে বলেছি। আমাদের দলে এরকম অনেক মেয়ে রয়েছে, যাদের সঙ্গে এটা হয়েছে। আমি তাদের ভয়েস হিসাবে বলছি। এমন নয় যে, একার বক্তব্য বলছি। আমি আমার হাইয়ার অথরিটিকে জানিয়েছি।"

বিজেপি নেতা দিলীপ ঘোষ বলেন, "হঠাৎ নেতা-নেত্রী হয়ে গেলে, এমনটাই হয়। যে যার মতো আসছে, যে যার মতো চলে যাচ্ছে। নেত্রী তাদের সামলাতেই ব্যস্ত। প্রশাসন কোথায় কেউ জানে না।"যাঁরা একে মাথায় তুলেছিলেন, তাঁদের যোগ্যতা নিয়েও সন্দেহ রয়েছে। না নেত্রী হওয়ার যোগ্যতা রয়েছে, না অভিনেত্রীর। দুদিনে এসেই নেত্রী? কোভিড কিংবা প্রাকৃতিক বিপর্যয়ে এদের মুখ কেন দেখতে পাওয়া যায় না। শুধু ব্যক্তিগত এজেন্ডা নিয়ে রাজনীতি করতে আসা।" নাম না করে রাজন্যাকে কটাক্ষ করলেন জুঁই।

এই নিয়ে প্রতিক্রিয়া জানতে ফোন করা হয়েছিল জুঁই বিশ্বাসকে। তিনি বলেন, "ঘটনাটি আমি তিন চারদিন ধরে টিভির পর্দায় দেখছি। দলের একজন কর্মী, জনপ্রতিনিধি হিসাবে এটা অত্যন্ত দুঃখজনক ঘটনা। যদি কোনও মহিলার সঙ্গে

এরপর ৩ পাতায়






বিজ্ঞাপন

# সেভ আর্থ মিশন গ্লোবাল ভিশন উন্মোচন

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

সেভ আর্থ মিশন গ্লোবাল ভিশন উন্মোচন করেছে - 2025 সালের আগস্ট থেকে 60টিরও বেশি দেশে বিশ্বের বৃহত্তম বৃক্ষরোপণ অভিযানের ঘোষণা করেছে

আহমেদাবাদের গিফট সিটি ক্লাবে অনুষ্ঠিত এক ঐতিহাসিক এবং গুরুত্বপূর্ণ অনুষ্ঠানে, দ্রুত বর্ধনশীল বিশ্বব্যাপী আন্দোলন, সেভ আর্থ মিশন, তাদের গ্লোবাল ভিশন প্রচারণা শুরু করেছে। এই দৃষ্টিভঙ্গির কেন্দ্রবিন্দু হল একটি অভূতপূর্ব উদ্যোগ - 2025সালের আগস্ট থেকে শুরু হওয়া 60+ দেশে একটি বিশ্বব্যাপী সহযোগিতামূলক বৃক্ষরোপণ অভিযান।

ঘোষণাটি সংস্থার ফ্ল্যাগশিপ গ্লোবাল ভিশন উন্মোচন ইভেন্টের সময় করা হয়েছিল, যেখানে বিশ্বব্যাপী জলবায়ু নেতারা, সরকারী প্রতিনিধি, ছাত্র, উদ্ভাবক এবং পরিবেশবাদীরা একত্রিত হয়েছিল। এই বহু-জাতীয় প্রচারণার লক্ষ্য হল জরুরী জলবায়ু কর্মের ব্যানারে লক্ষ লক্ষ লোককে একত্রিত করা - গাছ লাগানো, বাস্তুতন্ত্র পুনরুজ্জীবিত করা এবং একটি নেট-শূন্য ভবিষ্যত গড়ে তোলা।

লিডারশিপ থেকে উদ্ধৃতি

"এটি এখন আর কেবল একটি প্রচারণা নয়; এটি একটি গ্রহ বিপ্লব," সেভ আর্থ মিশন - ইন্ডিয়ার সভাপতি সন্দীপ চৌধুরী উল্লেখ করেন। "আমরা কেবল যে গাছ লাগাচ্ছি তেমনটা নয়, আমরা আশাও রোপণ করছি। আগস্ট মাসটি বিশ্বব্যাপী একটি আন্দোলনের সাক্ষী হবে - টোকিওর স্কুল থেকে শুরু করে দুবাইয়ের মরুভূমি, হিমালয় গ্রাম থেকে শুরু করে নিউ ইয়র্কের পার্ক সর্বত্র।"

পরিবেশ সংরক্ষণ এখন আর কোনও পছন্দ নয় - এটি এমন একটি দায়িত্ব যা প্রতিটি বিশ্ব নাগরিককে বহন করতে হবে। যখন আমরা গ্রহকে সুস্থ করি, তখন আমরা নিজেদের সুস্থ করি," যোগ করেন ডঃ অজয় দেশাই।

"পরিবেশ সুরক্ষা কোনও বিকল্প নয় - এটি এমন একটি দায়িত্ব যা বিশ্বের প্রতিটি নাগরিককে গ্রহণ করতে হবে। যখন আমরা বিশ্বকে সুস্থ করি, তখন আমরা নিজেদের সুস্থ করি," যোগ করেন ডঃ অজয় দেশাই।

সেভ আর্থ মিশনের আন্তর্জাতিক উপদেষ্টা- কর্পোরেট অ্যাফেয়ার্স।

বিশ্বব্যাপী আন্দোলন শুরু হয়

মাত্র 1 ঘন্টায় 500,000 গাছ লাগিয়ে গিনেস ওয়ার্ল্ড রেকর্ড তৈরি করে সেভ আর্থ মিশন ইতিমধ্যেই আন্তর্জাতিক প্রশংসা অর্জন করেছে। এখন, এই অভিযানটি মহাদেশ জুড়ে স্বেচ্ছাসেবক বাহিনীকে সক্রিয় করে তার লক্ষ্যকে আরও দ্রুততর করার প্রস্তুতি নিচ্ছে। সংগঠনটি 2040সালের মধ্যে 30 বিলিয়ন গাছ লাগানোর লক্ষ্য নিয়েছে।

এই মেগা ড্রাইভে অন্তর্ভুক্ত থাকবে:

- প্রথম ধাপে 60টিরও বেশি দেশ
- অঞ্চল-নির্দিষ্ট আদিবাসী বৃক্ষরোপণ
- রিয়েল-টাইম জিও-ট্যাগযুক্ত ট্র্যাকিং
- সরকার, এনজিও, কর্পোরেশন এবং স্থানীয় সম্প্রদায়ের কৌশলগত সহায়তা
- বিশ্বব্যাপী কাউন্টডাউন প্রচারণা এবং বিশ্বব্যাপী শিক্ষামূলক সম্পৃক্ততা

**লিডারশিপ থেকে উদ্ধৃতি**

"এটি এখন আর কেবল একটি প্রচারণা নয়; এটি একটি বিশ্বব্যাপী বিপ্লব," সেভ আর্থ মিশন - ইন্ডিয়ার সভাপতি সন্দীপ চৌধুরী বলেন। "আমরা কেবল গাছ লাগাচ্ছি না; আমরা আশার বীজ বপন করছি। আগস্ট মাসে একটি বিশ্বব্যাপী আন্দোলন সক্রিয় হয়ে উঠবে - টোকিওর স্কুল থেকে শুরু করে দুবাইয়ের মরুভূমি, হিমালয় গ্রাম থেকে নিউ ইয়র্কের পার্ক পর্যন্ত।"

**বিশ্বব্যাপী হ্যাশট্যাগ এবং প্রচারণা**

এই আন্দোলনটি বিশ্বব্যাপী কর্মকাণ্ডের আহ্বান দ্বারা পরিচালিত হবে, হ্যাশট্যাগগুলির দ্বারা আরও প্রশস্ত করা হবে: #OneTreeOneWorld | #EkPedGlobalMission | #EarthUnited | #EkPedMaaKeNaam

এরপর কী?

2025 সালের আগস্ট থেকে, বিশ্ব এমন একটি সহযোগিতামূলক উদ্ভিদ আন্দোলন দেখতে পাবে যা আগে কখনও হয়নি। সরকার, ব্যবসা, শিক্ষার্থী এবং নাগরিকরা সাইন আপ করতে এবং এই প্রচারণায় যোগ দিতে পারেন:

# নবদ্বীপ কৃষ্ণনগর রাজ্য সড়কে দুটি বাসের রেষারেষিতে দুর্ঘটনায় যাত্রীবাহী বাস,আহত ৩০ জন

**অভিজিৎ সাহা, নদিয়া**

নদীয়ার কৃষ্ণনগর রাজ্য সড়কের ওপর সোমবার সকালে দুটি বাসের রেষারেষিতে ভয়াবহ দুর্ঘটনা ঘটলো কৃষ্ণনগর থেকে নবদ্বীপ যাওয়ার পথে। ঘটনায় প্রায় ৩০ জন যাত্রী আহত হয়েছে। দুর্ঘটনায় একটি বাস বৈদ্যুতিক খুঁটিতে নিয়ন্ত্রণ হারিয়ে ধাক্কা মারার ফলে পাল্টি হয়ে যায়, গুরুতর আহত একাধিক বাস যাত্রী। ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। স্থানীয়দের সহযোগিতায় আহতদের উদ্ধার করে নিয়ে যাওয়া হয় কৃষ্ণনগরের শক্তি নগর জেলা হাসপাতালে। বর্তমানে প্রত্যেকে চিকিৎসাধীন। কমপক্ষে ৩০ জন বাস যাত্রী গুরুতর আহত হয়। সূত্রের খবর, নদীয়ার নবদ্বীপ থেকে রাজ্য সড়ক দিয়ে করিমপুরের উদ্দেশ্যে যাচ্ছিল বাসটি, হঠাৎই কৃষ্ণনগর হেলিপ্যাড সংলগ্ন জাহাঙ্গীরপুর এলাকার রাস্তার উপরে নিয়ন্ত্রণ হারিয়ে একটি বৈদ্যুতিক খুঁটিতে ধাক্কা মারে। স্থানীয় মানুষও যাত্রী সূত্রে জানা যায় দুইটি বাস রেষারেষির ফলে এই ধরনের ঘটনা ঘটেছে। দীর্ঘক্ষণ গৌরাঙ্গ সেতুর কাছে বাস গুলো যানজটে আটকে থাকার ফলে সঠিক সময়ের মধ্যে বাসস্ট্যান্ডে পৌঁছানোর সময় কমে যায় এবং যাত্রী তোলার জন্য রেষারেষি করে। যার ফলে এই দুর্ঘটনা ঘটেছে। ঘটনাস্থলে স্থানীয়রা ছুটে এসে আহতদের উদ্ধার করে নিয়ে যায় শক্তিনগর জেলা হাসপাতালে। জানা যায় বাসটিতে ছিল প্রায় ৫০ জন যাত্রী, তারমধ্যে ৩০ জন গুরুতর জখম হয়। খবর পেয়ে ঘটনাস্থলে যায় কোতোয়ালী থানার পুলিশ। এরপর ক্ষতিগ্রস্ত বাসটিকে উদ্ধারের কাজে হাত লাগায়। সোমবার কৃষ্ণনগর শহর প্রাণকেন্দ্রে ভয়াবহ বাস দুর্ঘটনার ঘটনায় ছড়িয়ে পড়ে চাঞ্চল্য। অল্পের জন্য প্রাণে বাঁচে পথচারী সহ বাস যাত্রী। কিভাবে এই দুর্ঘটনা ঘটলো তার তদন্ত শুরু করেছে পুলিশ। এখনো পর্যন্ত এই ঘটনায় মৃত্যুর কোন খবর নেই। তবে এই বাস দুর্ঘটনায় রক্তাক্ত হয়েছে একাধিক বাস যাত্রী। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ এই এলাকায় বাম্পার দেওয়া প্রয়োজন। মাঝেমধ্যেই দুর্ঘটনা ঘটছে এইভাবে বাসে বাসে রেষারেষি করার ফলে। বর্ষায় রাস্তার অবস্থা খুবই খারাপ, মাঝেমধ্যে বড় বড় গর্ত, তাতে জল জমে থাকলে কিছু বোঝা যায় না, প্রশাসনের নজর প্রয়োজন।







(১ম পাতার পর)

# মুখ খুলে দলের মধ্যেই তিরস্কৃত রাজন্যা

এই ধরনের ঘটনা ঘটে, তাহলে এতদিন চুপ করে ছিলেন কেন? তিনি তো একজন পড়াশোনা করা মহিলা, নেত্রী বলছেন নিজেকে, তিনি নিজেকেই যদি রক্ষা করতে না পারেন, তাহলে নেত্রী হিসাবে বাকিদের জন্য কী করবেন? প্রশ্ন দুই, তিনি কেন এতদিন চুপ ছিলেন? যৌন হেনস্থা হলে মহিলাদের জন্য দেশে আইন রয়েছে। তিনি আইনের দ্বারস্থ হতে পারতেন।"

তাঁর বক্তব্য, হতেই পারে তিনি পরে মুখ খুলেছেন। কিন্তু তারও একটা নির্দিষ্ট সময় রয়েছে। যদি তিনি সত্যিই নিগৃহীত হন, তাহলে তখনই কেন দলকে জানাননি? প্রশ্ন তোলেন জুঁই।

রাজন্যাকে নিয়ে রবিবারই বিস্ফোরক মন্তব্য করেন প্রিয়দর্শিনী ঘোষ। তাঁরও একই প্রশ্ন, "এতদিন কেন চুপ ছিলেন রাজন্যা? কেন দলকে জানাননি? দল বা প্রশাসনের কাছে না গিয়ে মিডিয়ার কাছে মুখ খুলে 'মুখ' হওয়ার চেষ্টা করছেন কেন?"

উল্লেখ্য, কসবাকাণ্ডে মূল অভিযুক্তের বিরুদ্ধে AI-র দ্বারা তৈরি করা রাজন্যার নগ্ন ছবি ছড়ানোর অভিযোগ ওঠে। রাজন্যা মন্তব্য করেছিলেন, কসবাকাণ্ডে মূল অভিযুক্তের মতো আরও অনেকেই রয়েছেন।

# ব্রাজিলের রিও ডি জেনিরো'তে ব্রিকস্ শিখর সম্মেলনের ফাঁকে কিউবার রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ

**নয়াদিল্লি, ০৭ জুলাই, ২০২৫**



প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ব্রাজিলের রিও ডি জেনিরো'তে ব্রিকস্ শিখর সম্মেলনের ফাঁকে কিউবার রাষ্ট্রপতি মিগুয়েল ডিয়াজ-ক্যানেল বার্মুডেজের সঙ্গে সাক্ষাৎ করেছেন। এর আগে তিনি ২০২৩ সালে জোহানেসবার্গে ব্রিকস্ শিখর সম্মেলনে শ্রী ডিয়াজ - ক্যানেলের সঙ্গে সাক্ষাৎ করেন। ২০২৩ সালে ব্রিকস্ সম্মেলনে কিউবা বিশেষ আমন্ত্রিত রাষ্ট্র হিসেবে উপস্থিত ছিল।

উভয় নেতা অর্থনৈতিক সহযোগিতা, উন্নয়নে অংশীদারিত্ব, ফিনটেক, দক্ষতা বিকাশ, বিজ্ঞান, প্রযুক্তি, বিপর্যয় ব্যবস্থাপনা এবং স্বাস্থ্য পরিষেবার মতো ক্ষেত্রে দুটি দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের পর্যালোচনা করেছেন। রাষ্ট্রপতি ডিয়াজ-ক্যানেল ভারতের ডিজিটাল ক্ষেত্রে বিশেষ সাফল্যের দিকটি উল্লেখ করে প্রশাসনিক কাজে ডিজিটাল পরিকাঠামোর প্রয়োগ এবং ইউপিআই – এর বিষয়ে আগ্রহ প্রকাশ করেছেন। আয়ুর্বেদকে স্বীকৃতি দেওয়ায় কিউবার প্রতি প্রধানমন্ত্রী সন্তোষ প্রকাশ করেছেন। কিউবার জনস্বাস্থ্য ব্যবস্থায় আয়ুর্বেদ'কে অন্তর্ভুক্ত করা হয়েছে। ভারতীয় বিভিন্ন ওষুধকে স্বীকৃতি দেওয়ার জন্য কিউবার কাছে প্রস্তাব রাখেন তিনি। এরফলে, সেদেশে ভারতের বিভিন্ন ওষুধ ব্যবহার করতে সুবিধা হবে।

দুই নেতা স্বাস্থ্য, মহামারী প্রতিরোধ এবং জলবায়ু পরিবর্তনের মতো গ্লোবাল সাউথ – এর বিভিন্ন বিষয়ে একযোগে কাজের বিষয়ে সহমত হয়েছেন। বহুস্তরীয় বিভিন্ন ক্ষেত্রে দুটি দেশের মধ্যে সহযোগিতা বজায় থাকায় তাঁরা সন্তোষ প্রকাশ করেছেন।

# 'নতুন' ফোন কিনতেই বাড়িতে এল পুলিশ,

**নয়াদিল্লি, ০৭ জুলাই, ২০২৫**

দোকান থেকে নতুন মোবাইল কিনে স্ত্রীকে উপহার দিয়েছিলেন যুবক। কিন্তু বুঝতে পারেননি যে, তাতেও লুকিয়ে রয়েছে বিপদ। সেই 'বিপদ' নেমে এল গুজরাত পুলিশের হাত ধরে। গুজরাত পুলিশের আধিকারিকরা কলকাতায় এসে ওই যুবক ও তাঁর স্ত্রীকে জানালেন যে, তাঁদের কেনা মোবাইল থেকে হয়েছে সাইবার অপরাধ।এই ব্যাপারে দম্পতি হেয়ার স্ট্রিট থানায় ওই মোবাইল বিক্রেতা সংস্থার তিন অধিকর্তা ও অন্যদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন। পুলিশ

# পুকুর ভরাট ব্যাহত পরিবেশের ভারসাম্য



**সুমন পাত্র, চন্দ্রকোনারোড**

পশ্চিম মেদিনীপুর জেলার গড়বেতা তিন নম্বর ব্লকের শংকরকাটা গ্রাম পঞ্চায়েতের সারবেড়া মৌজায় পুকুর ভরাটের দৃশ্য ক্যামেরাবন্দি হলো উদাসীন প্রশাসন।

পশ্চিম মেদিনীপুর জেলার চন্দ্রকোনারোডের সারবেড়ার সেন পুকুর। স্থানীয়দের কাছে সংরক্ষিত আছে এই পুকুরটি সামাজিক কাজকর্ম থেকে শুরু করে এই পুকুরটি ব্যবহার হয় ধর্মীয় কাজেও। পুকুরের একপাড়ে স্থানীয় জনপ্রতিনিধি তথা গ্রাম পঞ্চায়েত প্রধানের বাড়ি অপরদিকে পুকুর ভরাট করে নির্মাণ কার্য চলার দৃশ্য ক্যামেরা বন্দি হলো। চুপিসারে চলা নির্মাণ কার্য নিয়ে কেন উদাসীন প্রশাসন তা নিয়ে ক্ষোভ চরমে।

দ্রুত নগরায়ণের কারণে জলাশয় ভরাটের ফলে প্রাকৃতিক সৌন্দর্য হারিয়ে ফেলছে। ব্যাহত হচ্ছে ভারসাম্যও জলাধার ভরাট বন্ধে আইন রয়েছে। তবে আইনের প্রয়োগ নিয়ে প্রশ্নও রয়েছে। আমাদের দেশের জলাভূমির মধ্যে রয়েছে প্লাবনভূমি, নিচু জলা, বিল, হাওর, বাঁওড়, জলমগ্ন এলাকা, উন্মুক্ত জলাশয়, নদীতীরের কাদাময় জলা, জোয়ার-ভাটায় প্লাবিত নিচু সমতলভূমি, দিঘি, পুকুর ও লবণাক্ত জলাধার। সাধারণত যেখানেই জল, সেখানেই মাছের আবাস। তাই মৎস্য খাতে জলাভূমির গুরুত্ব অপরিসীম।

পৃথিবীর মোট আহরিত মাছের দুই-তৃতীয়াংশ আসে জলাভূমি থেকে। পানির রাসায়নিক উপাদান নিয়ন্ত্রণ ও অতিরিক্ত পুষ্টি উপাদান শোষণ করে পানির গুণাগুণ বৃদ্ধিতে সহায়তা করে জলাভূমি। মাছের উৎপাদন বৃদ্ধিসহ দূষিত পানি বিশুদ্ধকরণেও ভূমিকা রাখে। এ ছাড়া বিপন্ন ও বিলুপ্তপ্রায় মৎস্য প্রজাতি সংরক্ষণেও সংরক্ষিত জলাভূমি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কিন্তু প্রাকৃতিক কিংবা কৃত্রিম কারণে দেশের দেশের খাল

এরপর ৪ পাতায়

## সম্পাদকীয়

### মহারাষ্ট্রের রায়গড় উপকূলে রহস্যময় নৌকা, নড়েচড়ে বসল পুলিশ, বম্ব স্কোয়াড ও নৌবাহিনী

পহেলগাঁও বৈসরণে সন্ত্রাসী হামলার পরেই দেশের নিরাপত্তা ব্যবস্থা আঁটসাঁট হয়েছে। শত্রুদেশের সর্বদা নজর রয়েছে ভারতে। তাতেই দেশের নিরাপত্তারক্ষীরা সর্বদা সজাগ রয়েছেন। জল-স্থল-আকাশ, কোনও পথই নিরাপদ নয়। সবদিক দিয়ে হামলা হওয়ার আশঙ্কা রয়েছে ভারতে। এমন আবহে গতকাল গভীর রাতে মহারাষ্ট্রের রায়গড় জেলার রেভদান্ডা উপকূলের কাছে একটি সন্দেহভাজন নৌকার দেখা মিলেছে।তবে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে যে, বোটটিতে অন্য দেশের চিহ্ন রয়েছে এবং সম্ভবত আবহাওয়ার কারণে রায়গড় উপকূলে ভেসে এসেছে। ভারী বৃষ্টিপাত এবং তীব্র বাতাসের কারণে নৌকায় পৌঁছানোর প্রচেষ্টা ব্যাহত হয়েছে। দালাল নিজেই একটি বার্জ ব্যবহার করে নৌকার কাছে যাওয়ার চেষ্টা করেছিলেন। কিন্তু প্রতিকূল আবহাওয়ার কারণে তাঁকে ফিরে আসতে হয়েছিল। তিনি জানিয়েছেন, এই মুহূর্তে এলাকায় বিশাল পুলিশ বাহিনী মোতায়েন করা হয়েছে। সতর্কতা মূলক ব্যবস্থা হিসেবে জেলার সার্বিক নিরাপত্তা জোরদার করা হয়েছে।এই বিষয়টি নজরে আসার পরেই রায়গড় জেলার উপকূল রেখায় নিরাপত্তা জোরদার করা হয়েছে। এই সন্দেহ ভাজন নৌকাকে দেখেই নৌবাহিনী, উপকূলরক্ষী, রায়গড় পুলিশ, বোমা সনাক্তকরণ ও নিষ্ক্রিয়করণ স্কোয়াড, দ্রুত প্রতিক্রিয়া দল-সহ একাধিক প্রতিরক্ষা বাহিনী তাৎক্ষণিকভাবে সাড়া দিয়েছেন। তাঁদেরকে এখন ঘটনাস্থলে মোতায়েন করা হয়েছে। রেভদান্ডায় কোরলাই উপকূল থেকে প্রায় দুই নটিক্যাল মাইল দূরে নিরাপত্তা কর্মীরা নৌকাটি দেখতে পেয়েছেন বলে জানিয়েছে একজন নৌবাহিনীর কর্মকর্তা। সতর্কতার পর, রায়গড়ের পুলিশ সুপারিন্টেন্ডেন্ট আঁচল দালাল এবং ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তারা অভিযান তদারকি করতে ঘটনাস্থলে পৌঁছেছেন।

## তুমি লক্ষ্মী-সরস্বতী



মৃত্যুঞ্জয় সরদার
(সতেরোতম পর্ব)



সূর্য একেবারেই যুক্তিসঙ্গত কারণে। তবে বৈদিক সাক্ষ্য থেকেই জানা যায় সিংহ ও মেষ সরস্বতী দেবীর আদি বাহন ছিল। কিন্তু পরবর্তী সময়ে দেবী দুর্গা সরস্বতী দেবীর কাছ থেকে সিংহ কেড়ে নিলেন আর কার্তিক কেড়ে নিলেন ময়ূর। পরবর্তী সময়ে সরস্বতী দেবী হংসকেই তাঁর চিরস্থায়ী বাহনের মর্যাদা দিলেন। আর সরস্বতীর এ বাহন সম্পর্কে বলতে গেলে বলতে হয় জলে, স্থলে, অন্তরীক্ষে সর্বত্রই তাঁর সমান গতি ঠিক যেমনভাবে জ্ঞানময় পরমাত্মা সব জায়গায় বিদ্যমান। মজার ব্যাপার হলো হংস জল ও দুধের পার্থক্য

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(৩ পাতার পর)

## পুকুর ভরাট ব্যাহত পরিবেশের ভারসাম্য

ভরাট হয়ে যাচ্ছে। খালের দুই পাশের জমির মালিকরা নিজেদের ভূমির পরিমাণ বৃদ্ধি করার কারণে খালগুলোর অস্তিত্ব প্রায় বিলীন হওয়ার পথে। অতিবৃষ্টি বা অতি জলপ্রবাহে সৃষ্ট বন্যার কারণে জলধারণ ক্ষমতাও নেই খালগুলোর। ফলে ভূগর্ভস্থ জলের ওপর নির্ভরশীলতাও বাড়ছে পাল্লা দিয়ে। যার ফলে পরিবেশের ওপর বিরূপ প্রভাব পরিলক্ষিত হচ্ছে।

তাই পরিবেশ আইনানুযায়ী জলাধারের অধীন ভরাট ও বেদখল হওয়া জলাশয় সংস্কার করে আগের অবস্থায় ফিরিয়ে আনা প্রয়োজন। জলাধার ভরাট রোধে বেশ কয়েকটি আইন ও বিধি রয়েছে। তবে আইন মানার বিষয়ে অনীহাও রয়েছে। দেশের সাত-আট লাখ হেক্টর ভূমি কোনো না কোনোভাবে জলাভূমির অন্তর্ভুক্ত। কিন্তু এসব জলাধার ভরাটের ফলে প্রকৃতি, জীববৈচিত্র্য সংরক্ষণ ও নগরের ভারসাম্য ব্যাহত হচ্ছে। পাশাপাশি বৃষ্টির জল নিষ্কাশনের পথ বন্ধ হয়ে জলবদ্ধতা দেখা দিচ্ছে।

এই প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বারবার পুকুর ভরাট নিয়ে প্রশাসনকে সক্রিয় হতে বলছেন। সেখানে প্রশাসনের নাকের ডগায় এই ধরনের নির্মাণ কার্য যে আগামী দিনে বিরোধীদের হাতে একটি অস্ত্র তুলে দেবে সে কথা বলার আর অপেক্ষা রাখে না।

গড়বেতা তিন নম্বর ব্লকের রাজনৈতিক ময়দানের আণাচে-কানাচে ব্লক সভাপতি পরিবর্তন নিয়ে শোনা যাচ্ছে যে নামটি তিনিই ওই এলাকার জনপ্রতিনিধি তথা গ্রাম পঞ্চায়েত প্রধান। তাই এই পুকুর ভরাটের দৃশ্য যে তাকে যথেষ্ট অস্বস্তি জোগাবে সে কথা বলাই বাহুল্য।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সে কথা বলতে গেলে বলতে হয় আমি এই প্রসঙ্গে উড়িষ্যার ভুবনেশ্বরের পরশুরাম মন্দিরগাত্রে একটি চামুণ্ডা মূর্তির কথাও বলতে চাই। এই চামুণ্ডা মূর্তির সঙ্গে কয়েকটি লক্ষ্মী অনুষঙ্গ দেখা যায়, পেঁচা অন্যতম।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

(৩ পাতার পর)

# নতুন' ফোন কিনতেই বাড়িতে এল পুলিশ,

তাঁদের মোবাইল ও নথি বাজেয়াপ্ত করে। এই নথি হেয়ার স্ট্রিট থানার পুলিশ আদালতে জমা দেয়। আদালতের পক্ষ থেকে এই তদন্তভার বউবাজার থানাকে দেওয়া হয়। সূত্রের খবর, এবার বউবাজার থানার পুলিশ ওই মোবাইল বিক্রেতা সংস্থার মালিকদের তলব করে জেরা শুরু করেছে। ওই মোবাইলটিও ফরেনসিকে পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। ওই মোবাইলটি আদৌ নতুন কি না, বা পুরনো হলে তা বিক্রেতারা জানতেন কি না, তা পুলিশ জানার চেষ্টা করছে। পুরনো মোবাইল কীভাবে নতুন বলে বিক্রি করা হল, তা জানার চেষ্টা হচ্ছে বলে জানিয়েছে পুলিশ।গুজরাত পুলিশের দাবিতে রীতিমতো হতবাক ওই দম্পতি। তাঁদের অভিযোগ, মধ্য কলকাতার ওই দোকান ইচ্ছাকৃতভাবে প্রতারণা করেছে তাঁদের সঙ্গে। নতুন বলে আসলে অপরাধের সঙ্গে যুক্ত পুরনো মোবাইল তাঁদের গছিয়েছে।

পুলিশ জানিয়েছে, ওই দম্পতির বাড়ি মধ্য কলকাতার মুচিপাড়া এলাকার শাঁখারিটোলা স্ট্রিটে। গত ফেব্রুয়ারি মাসের শেষের দিকে ওই যুবক ডালহৌসি অঞ্চলের মিশন রো এক্সটেনশনের একটি মোবাইলের দোকানে যান। তিনি একটি নতুন মোবাইল পছন্দ করেন। ওই যুবকের অভিযোগ অনুযায়ী, তিনি ৪৯ হাজার টাকা দিয়ে ওই মোবাইলটি কেনেন। দোকানের পক্ষ থেকে তাঁকে একটি নতুন বাক্সে ভরেই মোবাইলটি দেওয়া হয়। যুবক মোবাইলটি বাড়িতে নিয়ে এসে তাঁর স্ত্রীকে উপহার দেন। স্ত্রী তাঁর পুরনো সিমকার্ড ওই মোবাইলে ভরে সেটি ব্যবহার করতে শুরু করেন। কিন্তু মাস চারেক ব্যবহার করার পরই শুরু হয় বিপত্তি। গুজরাতের রাজকোট শহরের সাইবার ক্রাইম থানার এক আধিকারিক এক সাইবার অপরাধের তদন্তে কলকাতায় আসেন। তিনি ওই মোবাইলে ফোন করে যুবতীর স্ত্রীর সঙ্গে কথা বলেন। দম্পতিকে সাইবার ক্রাইম থানার ওই আধিকারিক জানান যে, তাঁদের থানায় একটি সাইবার অপরাধের অভিযোগ দায়ের হয়েছিল। তারই তদন্ত শুরু করে তাঁরা জানতে পারেন যে, কলকাতা থেকে সাইবার অপরাধী ফোন করেছিল। যে মোবাইল থেকে তারা ফোন করেছিল, তার আইইএমআই নম্বরের সঙ্গে মিলে যাচ্ছে ওই মোবাইলের আইইএমআই নম্বর।

সেই সূত্র ধরেই গুজরাত পুলিশ সাইবার অপরাধীকে ধরার জন্য এসেছে কলকাতায়। ওই দম্পতিকে নোটিস পাঠায় রাজকোটের সাইবার ক্রাইম থানা। গুজরাত পুলিশকে ওই দম্পতি পাল্টা জানান যে, তাঁরা নতুন মোবাইল কিনেছিলেন। যে সময়ে সাইবার অপরাধ ঘটেছে, তখন মোবাইলটি তাঁদের হাতেও ছিল না। কোনও মোবাইল নতুন হলে সেটি অপরাধীদের হাতে পড়াও সম্ভব নয়। সেই ক্ষেত্রে দোকানের মালিক ও কর্মীরা তাঁদের নতুন বলে পুরনো মোবাইল বিক্রি করেছেন।

## চাপা আতঙ্কে ১২ দিন পর খুলল কসবা আইন কলেজ



**বেবি চক্রবর্তী : কলকাতা**

চাপা আতঙ্ক এবং থমথমে পরিবেশকে সঙ্গী করে ১২ দিন পর খুলল কসবা আইন কলেজ। কিন্তু সযত্নে সবাই এড়িয়ে গেলেন মনোজিৎ নামটি। কলেজ না দুর্গ বোঝা দায়। সকাল ৭ টা থেকেই পুলিসে পুলিসে ছয়লাপ গোটা চত্বর। ভিতরে বাইরে দাঁড়িয়ে পদস্থ পুলিস কর্তারা।সাতসকালে ঢুকে পড়লেন ভাইস প্রিন্সিপাল নয়না চট্টোপাধ্যায়। তার ওপর ক্রমশঃ কলেজ খোলার চাপ বাড়ছিল।

উচ্চপদস্থ পুলিস আধিকারিকদের দল কলেজের সামনে লাগানো গার্ড রেলের ভিতরে বাইরের নিরাপত্তা পরিস্থিতি একাধিকবার পর্যালোচনার পর কলেজের সামনে আসেন ডিসি এস এস ডি বিদিশা কালিতা। এক এক করে পৌঁছন কর্মী এবং অধ্যাপকরা। কলেজের বিজ্ঞপ্তি অনুযায়ী প্রবেশ পথে আগাগোড়া মোতায়েন রাখা হয় কলেজের স্থায়ী নিরাপত্তা রক্ষী বরুণ মাহালিকে।মনোজিতের বাবার দাবি তারা ছেলের সাকুল্যে ২০ মিনিটের ফর্ম ফিলাপ পর্বেও এসেছেন কলেজে। আজ ছেলেকে একা ছাড়তে রাজি হননি। কলেজের পক্ষ থেকে আইনজীবী হিসেবে আদালতে সওয়াল করা কলেজেরই অধ্যাপক সোমনাথ মুখোপাধ্যায় জানান, কলেজ এবার থেকে নিরাপত্তা গাইডলাইন অক্ষরে অক্ষরে মেনে চলবে। এদেরই একজন জানালেন আইনের কলেজের আইনের ছাত্রী আইনজীবী দ্বারা অত্যাচারিত হওয়ার পর আইনের দ্বারস্থ হয়েছেন, এই ছবি একেবারেই কাঙ্খিত নয়। এদিকে কলেজ খোলার কিছুক্ষণের মধ্যেই বিশৃঙ্খলা তৈরি হয়। ভাইস প্রিন্সিপালকে ঘিরে বিক্ষোভ হয়। সেদিন কোন সময়ে এসেছিলেন কোন সময়ে গিয়েছিলেন, রেজিস্ট্রারের টাইম নিয়ে বচসা। এরপরই বের করে নিয়ে যাওয়া হয় ভাইস প্রিন্সিপালকে।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# প্রধানমন্ত্রী ব্রাজিলের রিও ডি জেনেইরোতে ১৭-তম ব্রিকস শিখর সম্মেলনে যোগ দিয়েছেন

**নয়াদিল্লি, ৭ জুলাই, ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ব্রাজিলের রিও ডি জেনেইরোতে ১৭-তম ব্রিকস শিখর সম্মেলনে যোগ দিয়েছেন। ৬ ও ৭ জুলাই ২০২৫ এই সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। আন্তর্জাতিক ব্যবস্থার সংস্কার, গ্লোবাল সাউথের কণ্ঠস্বর জোরদার করা, শান্তি ও নিরাপত্তা, বহুপাক্ষিকতাকে শক্তিশালী করা, উন্নয়নমূলক বিষয় এবং কৃত্রিম মেধা সহ ব্রিকসের আলোচ্যসূচীর বিভিন্ন বিষয় নিয়ে গঠনমূলক আলোচনা করেছেন নেতারা। প্রধানমন্ত্রী ব্রাজিলের রাষ্ট্রপতিকে ধন্যবাদ জানিয়েছেন আন্তরিক আতিথেয়তা এবং সফলভাবে শিখর সম্মেলন আয়োজন করার জন্য।

"বিশ্ব ব্যবস্থাপনার সংস্কার এবং শান্তি ও নিরাপত্তা" শীর্ষক উদ্বোধনী অধিবেশনে ভাষণ দেন প্রধানমন্ত্রী। পরে প্রধানমন্ত্রী "বহুপাক্ষিককতা, অর্থনৈতিক-আর্থিক বিষয় এবং কৃত্রিম বুদ্ধিমত্তাকে জোরদার করা" শীর্ষক একটি অধিবেশনেও ভাষণ দেন। এই অধিবেশনে ব্রিকসের সদস্য দেশগুলি ছাড়াও আমন্ত্রিত দেশগুলিও যোগ দেয়।

আন্তর্জাতিক ব্যবস্থাপনা এবং শান্তি ও নিরাপত্তা বিষয়ক অধিবেশনে ভাষণে প্রধানমন্ত্রী গ্লোবাল সাউথের কণ্ঠস্বর আরও জোরদার করতে ভারতের দায়বদ্ধতার কথা পুনরায় ব্যক্ত করেন। তিনি বলেন, সুস্থায়ী উন্নয়নের জন্য বিকাশশীল দেশগুলির আরও সাহায্য প্রয়োজন, বিশেষ করে জলবায়ু পরিবর্তনের মোকাবিলায় এবং প্রযুক্তি ক্ষেত্রে। বিংশ শতাব্দীর আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলি একবিংশ শতাব্দীর সমস্যার মোকাবিলায় যথেষ্ট সক্ষম নয় জানিয়ে ওই প্রতিষ্ঠানগুলির সংস্কারের প্রয়োজনীয়তার ওপর তিনি জোর দেন। বহুমুখী এবং অন্তর্ভুক্তিমূলক বিশ্ব ব্যবস্থাপনার আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদ, আন্তর্জাতিক মুদ্রা ভাণ্ডার, বিশ্বব্যাঙ্ক এবং বিশ্ব বাণিজ্য সংস্থার মতো আন্তর্জাতিক প্রশাসনিক ব্যবস্থাপনা প্রতিষ্ঠানগুলির উচিত বাস্তব



পরিস্থিতির প্রতিফলন ঘটাতে অবিলম্বে সংস্কার ঘটানো। রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের দ্রুত সংস্কারের প্রসঙ্গ উত্থাপন এবং শিখর সম্মেলনের ঘোষণাপত্র বিষয়ে কড়া ভাষা গ্রহণ করার জন্য নেতাদের ধন্যবাদ জানান তিনি।

শান্তি ও নিরাপত্তা বিষয়ে প্রধানমন্ত্রী বলেন, সন্ত্রাসবাদ মানবতার পক্ষে এক ভয়ঙ্কর বিপদ। এই পরিপ্রেক্ষিতে তিনি বলেন, ২০২৫-এর পহেলগামে সন্ত্রাসবাদী হামলা শুধুমাত্র ভারতের ওপর আক্রমণ নয়, বরং এটি সমগ্র মানব সমাজের ওপর আক্রমণ। সন্ত্রাসবাদের বিরুদ্ধে কড়া আন্তর্জাতিক ব্যবস্থার আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, যারা সন্ত্রাসবাদীদের অর্থ দিয়ে, আশ্রয় দিয়ে সাহায্য করছে তাদের বিরুদ্ধে কঠোরতম পদক্ষেপ নেওয়া উচিত। কড়া ভাষায় পহেলগাম সন্ত্রাসী হামলার নিন্দা করায় ব্রিকস নেতাদের ধন্যবাদ জানান তিনি। সন্ত্রাসবাদের বিরুদ্ধে আন্তর্জাতিক লড়াইকে জোরদার করতে ব্রিকস দেশগুলিকে আহ্বান জানিয়ে তিনি এই সমস্যার মোকাবিলায় জিরো টলারেন্স নীতির ওপর জোর দেন।

এই বিষয়ে বিস্তারিত বলতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, পশ্চিম এশিয়া থেকে ইউরোপ পর্যন্ত সংঘর্ষ গভীর উদ্বেগের কারণ হয়ে উঠেছে। তিনি আরও বলেন, ভারত সবসময় এই ধরনের সংঘর্ষের সমাধানে আলোচনা এবং কূটনীতির কথা বলে এসেছে এবং এমন প্রয়াসে সবসময় যুক্ত হতে প্রস্তুত।

বহুপাক্ষিকতা, অর্থনৈতিক-আর্থিক বিষয় এবং কৃত্রিম মেধাকে জোরদার করার বিষয়ে ভাষণে প্রধানমন্ত্রী বলেন, বৈচিত্র্য এবং বহুমুখীনতা ব্রিকসের মূল্যবান শক্তি। তিনি বলেন, এমন একটা সময় ছিল যখন বিশ্ব ব্যবস্থা চাপে থাকতো এবং আন্তর্জাতিক সমাজ অনিশ্চয়তা এবং সমস্যার সম্মুখীন হতো। তখন ব্রিকসের প্রাসঙ্গিকতা প্রত্যক্ষ করা গিয়েছিল। তিনি আরও বলেন, বহুমেরু বিশ্ব গঠনে ব্রিকস একটি গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে। এই প্রসঙ্গে তিনি চারটি প্রস্তাব দেন:

এক, ব্রিকস নিউ ডেভেলপমেন্ট ব্যাঙ্ককে চাহিদানির্ভর নীতি এবং প্রকল্প বরাতের জন্য দীর্ঘমেয়াদি সুস্থায়িত্ব অনুসরণ করা উচিত;

দুই, এই গোষ্ঠী যেন গ্লোবাল সাউথের দেশগুলির উপকারে লাগে তেমন একটি সায়েন্স অ্যান্ড রিসার্চ রিপোজিটারি স্থাপনের চিন্তা-ভাবনা করে;

তিন, দুর্লভ খনিজ সরবরাহ শৃঙ্খলকে সুরক্ষিত এবং দৃঢ়বদ্ধ করার ওপর নজর দিতে হবে এবং

চার, গোষ্ঠীকে কাজ করতে হবে দায়িত্বশীল এআই-র জন্য – পাশাপাশি এআই গভর্নেন্স-এর উদ্বেগগুলির দিকে নজর দিয়ে সমান গুরুত্ব দিতে হবে যাতে এইক্ষেত্রে উদ্ভাবনের প্রসার হয়।

নেতাদের অধিবেশনের সমাপ্তিতে সদস্য দেশগুলি 'রিও ডি জেনেইরো ঘোষণাপত্র' গ্রহণ করে।

## গুরুত্ব কমল জ্ঞানবন্ত সিংয়ের, নবান্নের 'রুটিন বদলি' নিয়ে প্রশ্ন আইপিএস মহলে




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

রাজ্য পুলিশের শীর্ষস্তরে ফের বড়সড় রদবদল । ইনটেলিজেন্স ব্রাঞ্চের এডিজি ও আইজিপি পদ থেকে জ্ঞানবন্ত সিংকে সরিয়ে পাঠানো হল ট্রাফিক অ্যান্ড রোড সেফটি বিভাগে। অনেকের মতে, কার্যত 'ডিমোশন' বলেই মনে করা হচ্ছে এই বদলিকে। ইতিমধ্যেই বিষয়টি ঘিরে কানাঘুষো শুরু হয়েছে আইপিএস মহলে।সরকারি নির্দেশিকায় বদলিকে 'রুটিন অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রান্সফার' বলা হলেও, আইপিএস মহলের একাংশ মনে করছে, যেভাবে জ্ঞানবন্ত সিংকে ইনটেলিজেন্স ব্রাঞ্চ থেকে ট্রাফিক বিভাগে সরিয়ে আনা হল, তা আদতে গুরুত্ব কমারই ইঙ্গিত। যদিও সরকারি ভাবে একে নিছক রুটিন বদলি বলেই দাবি করা হয়েছে।নবান্ন থেকে জারি হওয়া বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, এসসিআরবি-র ডিজি সিদ্ধনাথ গুপ্ত এবার দায়িত্ব নিচ্ছেন ইন্টেলিজেন্স ব্রাঞ্চের ডিজি ও আইজিপি পদে। অন্যদিকে, এতদিন যিনি ট্রাফিক বিভাগ সামলাচ্ছিলেন, সেই ডঃ রাজেশ কুমার সিংকে সরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে এডিজি ও আইজিপি (পলিসি), পশ্চিমবঙ্গ পদে।

# সিনেমার খবর

## বাবার হয়ে গয়না ডেলিভারি দিতেন জিতেন্দ্র, এক বিদ্রুপে পাল্টায় ভাগ্য

স্টাফ রিপোর্টার, রোজদিন



ইন্ডিয়ান আইডল ১৩-র সেটে বিশেষ অতিথির আসনে উপস্থিত হয়েছিলেন বলিউড অভিনেতা জিতেন্দ্র। মঞ্চে উপস্থিত প্রতিযোগী, বিচারক বিশাল দাদলানি, নেহা কক্কর এবং হিমেশ রেশমিয়ার সঙ্গে নিজের জীবনের কঠিন লড়াইয়ের কথা শেয়ার করে নিয়েছিলেন জিতেন্দ্র। তিনি জানান, তার বাবার যোগাযোগের ভিত্তিতেই তিনি বলিউডে প্রথম পা রাখার সুযোগ পান। অভিনেতার বাবা অর্থাৎ অমরনাথ কাপুর সিনেমা নির্মাতাদের গয়না সরবরাহের কাজ করতেন। জিতেন্দ্র স্টুডিওতে তা পৌঁছে দিয়ে বাবাকে সাহায্য করতেন।

একবার জুনিয়র আর্টিস্ট হওয়ার জন্য ডাক আসে তার। শুটিং লোকেশন ছিল মুম্বাই থেকে বহু দূরে। অনেকটাই সময় লেগে যায় জিতেন্দ্রর। ফলে কল-টাইমের আধঘণ্টা পরে উপস্থিত হন তিনি। সিনেমার পরিচালক রীতিমতো মেজাজ হারিয়ে তাকে বাড়ি ফেরত পাঠানোর নির্দেশ দেন। জিতেন্দ্র যখন তার বাবাকে ফোন করেছিলেন এক প্রকার অভিমান জানাতেই। ভেবেছিলেন সমবেদনা পাবেন। কিন্তু তেমনটা ঘটে না।

তিনি বিচারকদের বলেন, আমার বাবা যা বলেছিলেন তা আমার জীবনের গতিপথ পাল্টে দিয়েছিল। বাবা বলেছিলেন, আমার কোলে এসে বস। বাবার কথায় অবাক হয়েছিলাম।

এই ঘটনাই এক প্রকার জিতেন্দ্রকে সোজা করে দিয়েছিল। তিনি অবাক হয়েছিলেন এটা দেখে যে, তার ভুলের জন্য তার বাবা কোনও সহানুভূতি দেখাতে চান না। উল্টে তাকে বিদ্রুপ করেন। পরের দিন থেকে একঘণ্টা আগে সেটে পৌঁছে যেতেন তিনি।

## আবারও মা হলেন ইলিয়ানা

স্টাফ রিপোর্টার, রোজদিন




গেল বছর প্রথম সন্তানের জন্ম দেন বলিউড তারকা ইলিয়ানা ডি'ক্রুজ। সে সময় সন্তানের বাবার পরিচয় গোপন রেখে বেশ বিতর্কে পড়েছিলেন অভিনেত্রী। এক বছরের মধ্যেই দ্বিতীয়বার মা হলেন তিনি। আজ সামাজিক যোগাযোগমাধ্যমে নিজেই সুখবরটি ভক্তদের সঙ্গে ভাগ করেছেন তিনি।

অভিনেত্রী জানান, ১৯ জুন পুত্রসন্তানের জন্ম দিয়েছেন তিনি। নিজের পোস্টে সদ্যোজাত সন্তানের একটি সাদাকালো ছবিটি দিয়েছেন তিনি। ছবিতে দেখা গেছে, মাথায় টুপি, সারা গায়ে তোয়ালে জড়ানো সদ্যোজাত পাশ ফিরে শুয়ে। ঘুমে আধবোজা চোখ। মুহূর্তেই ভাইরাল হয়েছে ছবিটি। পোস্টে তিনি লিখেছেন, 'কিয়েনু রেফ ডোনালের সঙ্গে পরিচয় করিয়ে দিচ্ছি।' ইলিয়ানার পোস্টে অভিনন্দন জানিয়েছেন প্রিয়াঙ্কা চোপড়াসহ অনেক তারকাই।

অভিনেত্রী জানিয়েছেন, দ্বিতীয় সন্তান পেয়ে তিনি ও মাইকেল ভীষণ খুশি। মাতৃত্বকালীন বিরতি শেষে শিগগিরই অভিনয়ে ফিরবেন।

গত মে মাসে মুক্তি পায় 'রেইড ২' সিনেমাটি। রাজকুমার গুপ্তার ছবির প্রথম কিস্তিতে ইলিয়ানা থাকলেও মাতৃত্বকালীন বিরতিতে থাকায় সিকুয়েল থেকে বাদ পড়েন। তাঁর জায়গায় ছবিতে অভিনয় করেন বাণী কাপুর।

## 'কাঁটা লাগা' খ্যাত অভিনেত্রী শেফালী জারিওয়ালা আর নেই



স্টাফ রিপোর্টার, রোজদিন

বলিউডের জনপ্রিয় অভিনেত্রী ও 'কাঁটা লাগা' গার্ল হিসেবে পরিচিত শেফালী জারিওয়ালা আর নেই। মাত্র ৪২ বছর বয়সে মৃত্যুর কোলে ঢলে পড়েছেন তিনি।

ভারতীয় গণমাধ্যম পিংকভিলা জানিয়েছে, গত বৃহস্পতিবার রাতে হঠাৎ অসুস্থ হয়ে পড়লে শেফালীকে হাসপাতালে নেওয়া হয়। সেখানে পৌঁছানোর পর চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন।

অভিনেত্রীর স্বামী অভিনেতা পারাস টাইগি তাকে হাসপাতালে নিয়ে যান বলে সংবাদমাধ্যম সূত্রে জানা গেছে।

তবে, এখনো পর্যন্ত শেফালীর মৃত্যুর নির্দিষ্ট কারণ জানা যায়নি। প্রাথমিকভাবে তিনি হার্ট অ্যাটাক করেছেন বলেই ধারণা করা হচ্ছে। যদিও চিকিৎসকরা জানিয়েছেন, ময়নাতদন্তের প্রতিবেদন না আসা পর্যন্ত নিশ্চিতভাবে কিছু বলা যাচ্ছে না।

এদিকে শেফালীর মৃত্যু ঘিরে বলিউডে শোকের ছায়া নেমে এসেছে। তার রহস্যজনক এই মৃত্যু নিয়ে নানা প্রশ্নেরও সৃষ্টি হয়েছে।

প্রসঙ্গত, ২০০২ সালে 'কাঁটা লেগা' গানের রিমেক ভিডিওতে অভিনয়ের মাধ্যমে আলোচনায় আসেন শেফালী। পরবর্তী সময়ে বেশ কিছু মিউজিক ভিডিও ও রিয়েলিটি শোতেও অংশ নেন। ২০১৯ সালে জনপ্রিয় রিয়েলিটি শো বিগ বস ১৩-তে অংশগ্রহণ করে তিনি নতুন করে লাইমলাইটে আসেন।

# ভারতের কাছে বড় হারের পর পেস আক্রমণে পরিবর্তন আনছে ইংল্যান্ড

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

সিরিজের প্রথম দুই টেস্টেই ইংল্যান্ডের তিন প্রধান পেসার—ব্রাইডন কার্স, জশ টাং ও ক্রিস ওকস—অত্যধিক পরিশ্রম করেছেন; প্রত্যেকেই করেছেন ৭৭ ওভারের বেশি। শারীরিক ক্লান্তি এবং ধারাবাহিক খেলার চাপ মোকাবিলায় এবার পেস আক্রমণে আনছে পরিবর্তন ইংলিশরা। বিকল্প বোলার হিসেবে স্কোয়াডে রাখা হয়েছে গাস অ্যাটকিনসন, জফরা আর্চার, স্যাম কুক এবং জেমি ওভারটনকে।

বিষয়টি নিয়ে অধিনায়ক বেন স্টোকস বলেছেন, “এই সিরিজে আমরা অনেকটা সময় মাঠে কাটিয়েছি, প্রচুর ওভার করেছি। সামনে দ্রুতই পরবর্তী ম্যাচ, তাই দলের ফিটনেস দেখে আমাদের সিদ্ধান্ত নিতে হবে। পরিবর্তন আসাটা স্বাভাবিক।”

তিনি আরও বলেন, “আমরা এর আগেও দুর্দান্ত কিছু জয় পেয়েছি, আবার বড় হারও দেখেছি। আমি





এবং পুরো দল এই ওঠানামার মধ্যেও মানসিকভাবে স্থির থাকতে জানি। এই হারের ধাক্কা পেছনে ফেলে দ্রুত ঘুরে দাঁড়ানোই এখন মূল লক্ষ্য।”

স্টোকস বলেন, “আমরা এর আগেও দুর্দান্ত কিছু জয় পেয়েছি, আবার বড় হারও দেখেছি। আমি এবং পুরো দল এই ওঠানামার মধ্যেও মানসিকভাবে স্থির থাকতে জানি। এই হারের ধাক্কা পেছনে ফেলে দ্রুত ঘুরে দাঁড়ানোই এখন মূল লক্ষ্য।”

এজবাস্টনে ভারতের বিপক্ষে ৩৩৬ রানে হার ছিল বেন স্টোকসের অধিনায়কত্বে ইংল্যান্ডের সবচেয়ে বড় পরাজয়গুলোর একটি। তবে অধিনায়ক স্টোকস এ নিয়ে ভেঙে পড়ছেন না। আবারো নতুন করে শুরু করে ঘুরে দাঁড়ানোর আশায় স্টোকস। আর সে যাত্রায় তার বোলিং ইউনিট আরো ক্ষুরধার করা দরকার। ইংল্যান্ডের কোচ জানিয়েছেন, আর্চারও এখন প্রস্তুত আছেন।

জফরা আর্চারের ব্যাপারে জানতে চাইলে ইংল্যান্ড কোচ ব্রেন্ডন ম্যাককালাম জানান, “সে পুরোপুরি ফিট এবং খেলার জন্য প্রস্তুত। আমাদের কয়েকজন বোলার পরপর দুই টেস্ট খেলেছে, তাই পরিবর্তন আসবেই। আর্চার অবশ্যই বিবেচনায় থাকবে।”

২০২১ সালের ফেব্রুয়ারির পর কোনো টেস্ট খেলেননি আর্চার। তবে এজবাস্টনের বিরতিতে নিয়মিত বল করতে দেখা গেছে তাকে, যা তার ফিটনেস ফিরে পাওয়ারই ইঙ্গিত দেয়।

ইংল্যান্ডের স্কোয়াড:

বেন স্টোকস (অধিনায়ক), জফরা আর্চার, গাস অ্যাটকিনসন, শোয়েব বশির, জ্যাকব বেথেল, হ্যারি ব্রুক, ব্রাইডন কার্স, স্যাম কুক, জ্যাক ক্রোলি, বেন ডাকেট, জেমি ওভারটন, অলি পোপ, জো রুট, জেমি স্মিথ, জশ টাং ও ক্রিস ওকস।

# সার্জারির সময় আর্জেন্টাইন ফুটবলারের মৃত্যু



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

মাত্র ১৮ বছর বয়সেই জীবনপ্রদীপ নিভে গেল আর্জেন্টিনার দ্বিতীয় স্তরের প্রতিযোগিতায় খেলা ফুটবলার কামিলো নুইনের। হাঁটুর সার্জারি করার সময় তার মৃত্যুর হওয়ার কথা বললেও, সঠিক কারণ এখনও সামনে আসেনি। তরুণ এই মিডফিল্ডার ফুটবলারদের আতঙ্ক ক্রুসিয়েট লিগামেন্ট ইনজুরিতে (এসিএল) ভুগছিলেন। হাঁটুর জয়েন্ট ঠিক করতেই নুইনের সার্জারি প্রয়োজন ছিল বলে উল্লেখ করেছে ইএসপিএন।

সংবাদমাধ্যম বিবিসি জানিয়েছে, সান তেলমো ক্লাবের মিডফিল্ডার কামিলো নুইন আর্জেন্টিনার প্রসিদ্ধ ক্লাব বোকা জুনিয়র্সের যুব একাডেমিতে বেড়ে উঠেছেন। সেখান থেকে ২০২২ সালে যোগ দেন সান তেলমো মূল দলে। তার মৃত্যুর কারণ এখনও জানা যায়নি। তবে হাঁটুর সার্জারি করার সময় মৃত্যু হয়েছে এই তরুণের।

কামিলো নুইনের মৃত্যুতে শোক জানিয়েছে সান তেলমো ক্লাব কর্তৃপক্ষ, ‘কামিলো আর্নেস্তো নুইনের মৃত্যুতে গভীর শোক জানাচ্ছি। যুব ও রিজার্ভ ডিভিশনের এই ফুটবলারের আজ সার্জারি চলছিল। তার শোক পালনে এদিন ক্লাবের কার্যক্রম বন্ধ থাকবে। আমরা তার পরিবার, বন্ধু-বান্ধব ও সতীর্থদের কঠিন এই সময়ে পাশে আছি এবং তাদের যেকোনো প্রয়োজন মেটাতে প্রস্তুত।’

আর্জেন্টাইন ফুটবল অ্যাসোসিয়েশন (এএফএ) জানিয়েছেন, ‘আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশনের সভাপতি ক্লদিও তাপিয়া এবং নির্বাহী কমিটি কামিলো নুইনের মৃত্যুতে শোক জানাচ্ছে। তার পরিবারের প্রতি আমাদের সমবেদনা।’

নুইনের মৃত্যু কারণ তার ক্লাব কিংবা স্থানীয় প্রশাসন এখনও খোলাসা করেনি। তদন্তের পর এই বিষয়ে বিস্তারিত সামনে আসবে বলে জানিয়েছে আর্জেন্টাইন গণমাধ্যম।

# চোট-ছন্দপতনের গন্ডি পেরিয়ে দৃঢ় প্রত্যাবর্তন, বিশ্ব র‍্যাঙ্কিংয়ে জ্যাভলিনে ফের এক নম্বরে নীরজ

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



চ্যাম্পিয়নরা হারেন না, শুধু ফিরে আসেন আরও দৃঢ়তায়। ন'মাস পরে অপেক্ষার অবসান হল নীরজের। জ্যাভলিন থ্রো বিশ্ব ক্রমতালিকায় আবার এক নম্বরে উঠে এলেন ভারতের অলিম্পিক্স সোনাজয়ী তারকা নীরজ চোপড়া (Neeraj Chopra)। বিশ্ব অ্যাথলেটিক্স সংস্থার সদ্য প্রকাশিত র‍্যাঙ্কিংয়ে ফের শীর্ষে জায়গা করে নিলেন তিনি।

গত বছর প্যারিসে অনুষ্ঠিত ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপে পাকিস্তানের আর্শাদ নাদিম সোনা জিতলেও নীরজকে সন্তুষ্ট থাকতে হয়েছিল রুপো নিয়ে। চোট, ছন্দপতন—সব মিলিয়ে নীরজের পারফরম্যান্সে পড়েছিল ভাঁটা। এর জেরে তিনি হারিয়েছিলেন শীর্ষ স্থানও। কিন্তু চ্যাম্পিয়নরা ফিরতে জানেন। নতুন মরশুমে নীরজ ধীরে ধীরে ছন্দে ফিরেছেন। গত মাসে পরপর দুটি ডায়মন্ড লিগে দুর্দান্ত পারফরম্যান্স করেছেন তিনি। দোহায় রুপো জিতলেও সেই প্রতিযোগিতায় প্রথমবার ৯০ মিটারের জাদু গণ্ডি পেরিয়েছেন তিনি। এরপর প্যারিস ডায়মন্ড লিগে স্বর্ণপদক জিতলেন তিনি।

নীরজ চোপড়ার ঝুলিতে এখন ১৪৪৫ পয়েন্ট, যা তাঁকে বিশ্ব র‍্যাঙ্কিংয়ের শীর্ষে তুলে এনেছে। তাঁর ঠিক পিছনে, দ্বিতীয় স্থানে রয়েছেন গ্রেনাডার অ্যাথলিট অ্যান্ডারসন পিটার্স, যাঁর সংগ্রহ ১৪৩১ পয়েন্ট। তৃতীয় স্থানে আছেন জার্মানির জুলিয়ান ওয়েবার, যাঁর র‍্যাঙ্কিং পয়েন্ট ১৪০৭। আর চতুর্থ স্থানে অবস্থান করছেন টোকিও অলিম্পিক্সে স্বর্ণজয়ী পাকিস্তানের আর্শাদ নাদিম, যাঁর নামের পাশে রয়েছে ১৩৭০ পয়েন্ট। তাই চোট ও ব্যর্থতার চোরাবালি পেরিয়ে ফের একবার নীরজ প্রমাণ করলেন—তিনি কেবল ইতিহাস নয়, ভবিষ্যৎও।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR